

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)

নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.১৭.১৮৮.২০১৫.৩৫৭

তারিখ: ২১ চৈত্র ১৪২২  
০৪ এপ্রিল ২০১৬

**অফিস আদেশ**

জেলা প্রশাসকগণ মাঠপর্যায়ে সামগ্রিকভাবে সরকারের প্রতিনিধি হিসাবে দায়িত্ব পালন করেন। সরকারের সঙ্গে জেলা প্রশাসনের নিবিড় যোগাযোগ রাষ্ট্রব্যবস্থাকে শক্তিশালী করছে এবং সরকারি সেবা জনগণের দোড়গোড়ায় পৌঁছাতে সহায়ক হচ্ছে। নিয়মিতভাবে দাপ্তরিক কার্যক্রম সম্পাদন, জেলার বিভিন্ন সরকারি দপ্তরের মধ্যে সমন্বয় সাধন, বিভিন্ন উদ্ভাবনী কার্যক্রম গ্রহণ, জনগণের আর্থ-সামাজিক অগ্রগতি ত্বরান্বিতকরণে অগ্রণী ভূমিকা পালন, কেন্দ্র ও তৃণমূলের মধ্যে সেতুবন্ধ রচনা ইত্যাদি বিবেচনায় জেলা প্রশাসকগণের দায়িত্ব বহুমাত্রিক। Allocation of Business among the different Ministries and Divisions অনুযায়ী উপজেলা, জেলা ও বিভাগ পর্যায়ের সাধারণ প্রশাসনের কার্যক্রম তত্ত্বাবধান ও পরিবীক্ষণ করা মন্ত্রিপরিষদ বিভাগের কার্যপরিধিভুক্ত। সরকারি কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর)-এর মূল্যায়ন ছকে যে সকল নির্ণায়ক নির্ধারণ করা হয়েছে, কাজের বহুমাত্রিকতার কারণে সেগুলি জেলা প্রশাসকের সার্বিক কর্মতৎপরতা-মূল্যায়নের জন্য যথেষ্ট নয়। এসিআর-ফরমে অন্তর্ভুক্ত নির্ণায়কসমূহ ছাড়াও আরও কিছু বিষয়ের ভিত্তিতে জেলা প্রশাসকগণের কাজের মূল্যায়ন করা হলে বস্তুনিষ্ঠভাবে তাঁদের এসিআর অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষর করা সম্ভব।

০২। উপর্যুক্ত প্রেক্ষাপটে জেলা প্রশাসকগণের সামগ্রিক কর্মতৎপরতা-মূল্যায়নের জন্য বার্ষিক গোপনীয় অনুবেদন ছকে উল্লিখিত নির্ণায়কসমূহের অতিরিক্ত হিসাবে আরও কতিপয় নির্ণায়ক-সংবলিত একটি ছক তৈরি করা হয়েছে (ছক সংযুক্ত)। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক কর্মতৎপরতা-মূল্যায়নে সহায়তা প্রদানের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নিম্নলিখিত কর্মকর্তাগণকে তাঁদের নামের পার্শ্বে উল্লিখিত বিভাগের জেলাসমূহের বর্ণিত ছক অনুযায়ী তথ্য সংগ্রহের জন্য দায়িত্ব প্রদান করা হল:


ক্রমিক	কর্মকর্তার নাম ও পদবি	অধিশাখা/শাখার নাম	বিভাগ
১.	জনাব মোঃ সাইদুর রহমান যুগ্মসচিব	জেলা ও মাঠ প্রশাসন অধিশাখা	রাজশাহী
২.	ড. শাহিদা আকতার যুগ্মসচিব	জেলা ম্যাজিস্ট্রেসি অধিশাখা	ঢাকা
৩.	জনাব হাবিবুর রহমান উপসচিব	মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা	রংপুর
৪.	জনাব মঈনউল ইসলাম উপসচিব	মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা	চট্টগ্রাম
৫.	জনাব মোঃ ছাইফুল ইসলাম উপসচিব	জেলা ম্যাজিস্ট্রেসি পরিবীক্ষণ অধিশাখা	খুলনা
৬.	জনাব মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী উপসচিব	মাঠ প্রশাসন শৃঙ্খলা অধিশাখা	সিলেট
৭.	ড. ফারুক আহম্মদ সিনিয়র সহকারী সচিব	মাঠ প্রশাসন সমন্বয় শাখা	বরিশাল
৮.	মিজ মাহফুজা বেগম সিনিয়র সহকারী সচিব	জেলা ম্যাজিস্ট্রেসি নীতি শাখা	ময়মনসিংহ

০৩। সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কর্মতৎপরতা-মূল্যায়ন সংক্রান্ত ছকের তথ্য সংগ্রহের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলি অনুসরণ করা যেতে পারে:

- (ক) সংশ্লিষ্ট অধিশাখা/শাখার দৈনন্দিন কাজের সঙ্গে সম্পৃক্ত সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রেরিত প্রতিবেদন/পত্রের বস্তুনিষ্ঠতা, গভীরতা, যথার্থতা নিরূপন ইত্যাদি;
- (খ) জনকল্যাণমুখী/বিশেষ উদ্যোগ/নতুন উদ্ভাবন সংক্রান্ত বিষয়াদি পর্যালোচনা;
- (গ) বিভিন্ন পত্র-পত্রিকায় বা অন্য কোন মাধ্যম হতে প্রাপ্ত রিপোর্ট/প্রতিবেদন; এবং
- (ঘ) অন্য কোন বিভাগ-সংশ্লিষ্ট তথ্য পাওয়া গেলে সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট উহা প্রেরণ।

তাছাড়া, জেলা ও উপজেলা প্রশাসনে কর্মরত বি.সি.এস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তাগণের যথাসময়ে স্ব স্ব দপ্তরে উপস্থিতির বিষয়ও নিয়োজিত কর্মকর্তা পরিবীক্ষণ করবেন।

০৪। নিয়োজিত কর্মকর্তা নির্ধারিত ছকের তথ্যাদি ত্রৈমাসিক ভিত্তিতে জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ প্রধানের নিকট প্রেরণ করবেন।



(মোঃ মাকছুদুর রহমান পাটওয়ারী)  
অতিরিক্ত সচিব  
জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ  
ফোন-৯৫৭৩৮৩৩

বিতরণ:

- ১। জনাব-----যুগ্মসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২। জনাব-----উপসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৩। জনাব-----সিনিয়র সহকারী সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

অনুলিপি:

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৩। বিভাগীয় কমিশনার,----- (সকল)।
- ৪। জেলা প্রশাসক,----- (সকল)- তাঁর কর্মতৎপরতা মূল্যায়নের জন্য সহায়ক সংশ্লিষ্ট সকল তথ্যাদি মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত কর্মকর্তার নিকট প্রেরণের অনুরোধসহ।
- ৫। অফিস/মাস্টার কপি।